**এসএসসি পরীক্ষা**
**অর্থনীতি**
বিষয় কোড: SSC-2671
**বহুনির্বাচনি প্রশ্ন**
[দ্রষ্টব্য: ৪০টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১]

সময়: ৪০ মিনিট পূর্ণমান: ৪০

১। Oikonomia শব্দটির অর্থ কী?
ক. পরিবার পরিকল্পনা খ. গৃহস্থালির ব্যবস্থাপনা গ. সরকারি ব্যবস্থাপনা ঘ. অর্থ ব্যবস্থাপনা

২। Mercantilism শব্দটির অর্থ কী?
ক. ভূমিবাদ খ. বাণিজ্যবাদ গ. সাম্রাজ্যবাদ ঘ. পুঁজিবাদ

৩। কোনটি বর্তমান ইউরোপীয় সভ্যতার মূল ভিত্তি?
ক. ভারতীয় সভ্যতা খ. ব্যাবিলনীয় সভ্যতা গ. গ্রিক সভ্যতা ঘ. হিব্রু সভ্যতা

৪। বাংলাদেশে কোন ধরনের অর্থব্যবস্থা চালু আছে?
ক. মিশ্র খ. ধনতান্ত্রিক গ. মুক্তবাজার ঘ. ইসলামি

৫। কোনো দ্রব্যের অভাব মোচনের ক্ষমতাকে কী বলে?
ক. উপযোগ খ. চাহিদা গ. ভোগ ঘ. উৎপাদন

৬। শাল কোন বনের প্রধান বৃক্ষ
ক. সিলেটের বনভূমি খ. সুন্দরবন গ. মধুপুর ও ভাওয়াল বনভূমি ঘ. চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রাম

৭। পি সাহেব গ্রামীণ ব্যাংকের ব্যবস্থাপক পদে চাকরি করে বার্ষিক আয় করেন প্রায় ৩,০০,০০০ টাকা। পি সাহেবের জন্য কী প্রযোজ্য
ক. আয়কর খ. যানবাহন কর গ. বিলাস জীবন যাপন ঘ. মূল্য সংযোজন কর

৮। কোনটির কারণে বাছাই সমস্যাটির সৃষ্টি হয়?
ক. অসীম অভাবের খ. সম্পদের স্বল্পতার গ. চাহিদার ঘ. সুযোগ ব্যয়ের

৯। কোনটি গ্রিক সভ্যতার স্বীকৃত বিষয় ছিল?
ক. শ্রম বিভাজন খ. দাসপ্রথা গ. জমিদার প্রথা ঘ. সুদ প্রথা

নিচের উদ্দীপকটি পড়ুন এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দিন

রাজিব সম্প্রতি সরকারের প্রশাসনিক বিভাগের একটি গুরুত্বপূর্ণ পদে নিয়োগ পেয়েছেন। কিন্তু আন্তরিক ইচ্ছা থাকা সত্ত্বেও তিনি জাতীয় আয়, দাম ব্যবস্থা, বিনিয়োগ ইত্যাদি বিষয়গুলোতে যথেষ্ট দক্ষতা দেখাতে পারছেন না। তার সহকর্মী রফিক তাকে সম্পদের বিজ্ঞানের ওপর জ্ঞান অর্জনের পরামর্শ দেন।

১০।রফিক সাহেব সম্পদের বিজ্ঞান বলতে কোন বিষয়কে বুঝিয়েছেন?
ক. সমাজবিজ্ঞান খ. অর্থনীতি গ. রাষ্ট্রবিজ্ঞান ঘ. সমাজকল্যাণ

১১।রফিক সাহেবের পরামর্শ রাজিব সাহেবকে সাহায্য করবে–
i অর্থনীতির জ্ঞান অর্জন করতে ii অর্থনীতির মৌলিক বিষয়গুলো জানতে iii অর্থনীতির সমালোচনা করতে
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

১২। দেয়াশলাই কারখানায় কোনটি ব্যবহৃত হয়?
ক. খনিজ তেল খ. সিলিকা বালু গ. গন্ধক ঘ. চুনাপাথর

১৩।প্রাকৃতিক ও মানবিক সম্পদ কাজে লাগিয়ে কোন সম্পদ সৃষ্টি করা যায়?
ক. প্রাকৃতিক সম্পদ খ. জাতীয় সম্পদ গ. উৎপাদিত সম্পদ ঘ. ব্যক্তিগত সম্পদ

১৪।ভোগ ব্যয়ের পরে আয়ের যে অংশ অবশিষ্ট থাকে তাকে কী বলে?
ক. সঞ্চয় খ. বিনিয়োগ গ. মজুদ ঘ. মূলধন

১৫।প্রান্তিক উপযোগ কখন শূন্য হয়?
ক. মোট উপযোগ বাড়তে থাকলে খ. মোট উপযোগ সর্বোচ্চ হলে
গ. মোট উপযোগ কমতে থাকলে ঘ. মোট উপযোগ সর্বনিম্ন হলে

১৬।অর্থনীতিতে চাহিদার শর্ত কয়টি?

ক. ২ খ. ৩ গ. ৪ ঘ. ৫

১৭। লোহা পিটিয়ে যন্ত্রপাতি তৈরি কোন ধরনের উপযোগ?

ক. স্থানগত খ. রূপগত গ. উৎপাদনগত ঘ. মালিকানা

১৮। বিভিন্ন উপকরণ নিয়োগের প্রভাবে যে উৎপাদন পাওয়া যায় তাকে কী বলে?

ক. মোট উৎপাদন খ. প্রান্তিক উৎপাদন গ. দেশীয় উৎপাদন ঘ. গড় উৎপাদন

১৯। কীসের প্রকৃতি অনুযায়ী বাজার ধারণা আলোচনা করা হয়?

ক. দ্রব্যের খ. উৎপাদনের গ. স্থানের ঘ. মূল্যের

নিচের উদ্দীপকটি পড়ুন এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দিন

রাজুদের বাসায় গ্যাসের সংযোগ আনবে। এ বিষয়ে তিতাস গ্যাস কর্তৃপক্ষের সাথে কথা বললে কর্তৃপক্ষ জানায় প্রতিমাসে ৮০০ টাকা দিতে হবে। কর্তৃপক্ষ আরও জানায় ২ মাস আগে ৬০০ টাকা ছিল সম্প্রতি ৮০০ করা হয়েছে।

২০। রাজুদের বাসায় গ্যাস সংযোগের বাজারটি কোন প্রকৃতির

ক. পূর্ণ প্রতিযোগিতা খ. অলিগোপলি গ. একচেটিয়া ঘ. ডুয়োপলি

২১। উদ্দীপকে আলোচিত বাজারের বৈশিষ্ট্য হলো−

i পরিবর্তক দ্রব্য নেই ii নতুন ফার্মের প্রবেশ বন্ধ iii গড় আয় ও প্রান্তিক আয় সমান

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

২২।বাংলাদেশের কয়টি ইপিজেড রয়েছে?

ক. ৪টি খ. ৬টি গ. ৮টি ঘ. ১২টি

২৩। দেশজ উৎপাদনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ বিবেচ্য বিষয় কোনটি?

ক. ভৌগোলিক সীমানা খ. জাতীয়তা গ. প্রাকৃতিক সম্পদ ঘ. খনিজ সম্পদ

২৪। সমাজের মোট ব্যয় বলতে বোঝায়−

i জনগণের ভোগ ব্যয় ii জনগণের বিনিয়োগ ব্যয় iii সরকারি ব্যয়

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

২৫। Mobility শব্দের অর্থ কী?

ক. মূলধন খ. নির্ধারক গ. সচলতা ঘ. প্রযুক্তি

২৬। বিশ্বের প্রায় সকল দেশে কোন ধরনের মুদ্রার প্রচলন দেখা যায়?

ক. প্রামাণিক মুদ্রা খ. কাগজি মুদ্রা গ. রূপান্তরযোগ্য মুদ্রা ঘ. ব্যাংক হিসাব মুদ্রা

২৭। ব্যাংক ঋণপত্র প্রচলন করে−

i লেনদেন ব্যবস্থা সহজ ও নিরাপদ করার জন্য

ii আমানত হিসেবে নগদ অর্থের ভিত্তিতে

iii সুদের হারের ভিত্তিতে

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

২৮। 'স্বল্পমেয়াদি ঋণের ব্যবসায়ী' বলে পরিচিত কোন ব্যাংক?

ক. সমবায় ব্যাংক খ. বাংলাদেশ ব্যাংক গ. বাণিজ্যিক ব্যাংক ঘ. বিনিময় ব্যাংক

২৯। বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধির হার কত?

ক. ১.৩৭% খ. ১.৩৪% গ. ১.৮৩% ঘ. ১.৮৯%

৩০। বর্তমানে সরকার বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে কোন নীতি ঘোষণা করেছে−

i উদ্দীপনামূলক ii পরিবেশ বান্ধব iii সহযোগিতামূলক

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

৩১। বাংলাদেশ শিল্প (ম্যানু.) খাতকে কয়টি ভাগে ভাগ করা হয়েছে?

ক. ২টি খ. ৩টি গ. ৪টি ঘ. ৫টি

৩২। X একটি উন্নত দেশ। X দেশের ক্ষেত্রে সঠিক তথ্য–

i দক্ষ জনশক্তি বিদ্যমান ii কারিগরি জ্ঞানসম্পন্ন শ্রমিক iii কৃষিভিত্তিক অর্থনীতি

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

৩৩। দারিদ্র্যের দুষ্টচক্র দেশের কি ধরনের বাঁধা সৃষ্টি করে?

ক. উন্নয়নে খ. মূলধন গঠনে গ. জনসংখ্যায় ঘ. সঞ্চয়ে

৩৪। কোনটি NGO এর পূর্ণ রূপ?

ক. Non Government Organisation খ. National Government Organisation

গ. New Government Organisation ঘ. Not Government Organisation

৩৫। নিচের কোন পণ্যের ওপর আবগারি শুল্ক ধার্য করা হয়?

ক. স্ট্যাম্প খ. আমদানিকৃত যন্ত্রপাতি গ. রপ্তানিকৃত পণ্য ঘ. চা, চিনি

৩৬। বাংলাদেশে সরকারের আয়ের উৎস হলো–

i কর রাজস্ব ii কর বহির্ভূত রাজস্ব iii প্রযুক্তি

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

৩৭। কোন বাজেটে সাধারণত উদ্বৃত্ত থাকে?

ক. চলতি বাজেট খ. রাজস্ব বাজেট গ. মূলধন বাজেট ঘ. উন্নয়ন বাজেট

৩৮। প্রান্তিক উপযোগ ঋণাত্মক হলে মোট উপযোগ কী হয়?

ক. বৃদ্ধি পায় খ. কমে গ. সমানুপাতিক থাকে ঘ. ক্রমবর্ধমান হয়

৩৯। দাম ও যোগানের সম্পর্ক কী?

ক. বিপরিতমুখী খ. সমমুখী গ. আড়াআড়ি ঘ. কোনো সম্পর্ক নেই

৪০। বর্তমানে সরকারের অন্যান্য কিছু উৎস থেকে আয় হচ্ছে, সেগুলো হলো–

i বিদেশ ভ্রমণ কর ii প্রমোদ কর iii সম্পত্তি কর

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

**এসএসসি পরীক্ষা**
**অর্থনীতি**
বিষয় কোড: SSC-2671
সৃজনশীল প্রশ্ন
[দ্রষ্টব্য: যেকোন ০৬টি প্রশ্নের উত্তর দিন। প্রতিটি প্রশ্নের মান ১০]

সময়: ২ ঘন্টা ২০ মিনিট পূর্ণমান: ৬০

১। ঐশী ও শশী ঢাকা থেকে রাজশাহী যাবে। ঐশী একটি সরকারি গাড়িতে টিকেট কাটে কিন্তু শশী টিকেট না পেয়ে বেশি দামে বেসরকারি একটি পরিবহণের গাড়িতে টিকেট কাটে। তারা বুঝতে পারে বেসরকারি সংস্থার মূল উদ্দেশ্য মুনাফা অর্জন করা।
ক. এল. রবিন্স প্রদত্ত অর্থনীতির সংজ্ঞাটি লেখ।
খ. Adam Smith-কে অর্থনীতির জনক বলা হয় কেন?
গ. উদ্দীপকে যে অর্থনৈতিক ব্যবস্থার কথা উল্লেখ করা হয়েছে সেটি ব্যাখ্যা করুন।
ঘ. উক্ত অর্থনৈতিক ব্যবস্থাই কি সবচেয়ে উত্তম বলে মনে করেন? আপনার উত্তরের সপক্ষে যুক্তি দিন।

২। আসমা একজন নার্স। সে একটি হাসপাতালে কাজ করে। দিনের শেষে সে যখন বাড়ি ফিরে আসে তখন তার দুই সন্তানকেও সে লালন-পালন ও দেখাশুনা করে।
ক. বিনিয়োগ কী?
খ. চূড়ান্ত দ্রব্য বলতে কী বোঝায়, ব্যাখ্যা করুন।
গ. উদ্দীপকে আসমার পেশাটি কি অর্থনৈতিক কার্যাবলি? ব্যাখ্যা করুন।
ঘ. আসমার সন্তানদের দেখাশুনা করা এবং হাসপাতালে রোগীদের দেখাশুনা করার মাঝে কোন পার্থক্য আছে কী? আপনার মতামত দিন।

৩। মনসুর আলী একজন ভালো গায়ক। কিন্তু সে খুব গরিব। তাই রেলস্টেশনে ঘুরে ঘুরে গান গায়। এতে কোনোভাবে তার সংসার চলে। এলাকার লোকজন তার প্রতিভায় মুগ্ধ। কিন্তু তাতে মনসুর আলীর কোনো উপকার হয় না। এক সময় গ্রামের কয়েকজন তরুণ তার গানের সিডি তৈরি করে বাজারজাত করে। এরপর থেকে তার আয় বাড়তে থাকে ও সংসারে সচ্ছলতা আসে।
ক. সম্পদের বৈশিষ্ট্য কয়টি?
খ. ব্যবসায়ের সুনামকে সম্পদ বলা হয় কেন?
গ. মনসুরের 'গায়কী প্রতিভা' অর্থনৈতিক দৃষ্টিকোণ থেকে সম্পদ কিনা তা ব্যাখ্যা করুন।
ঘ. মনসুরের গানের সিডি কীভাবে তার অবস্থার পরিবর্তন করে তা বিশ্লেষণ করুন।

৪। নিচের সারণিটি লক্ষ্য করুন এবং প্রশ্নগুলোর উত্তর দিন:

| দ্রব্যের দাম | চাহিদার পরিমাণ |
|---|---|
| ১০ | ৪০০ |
| ২০ | ৩০০ |
| ৩০ | ২০০ |
| ৪০ | ১০০ |

ক. ভারসাম্য দাম কাকে বলে?
খ. মোট উপযোগ বলতে কী বোঝায়?
গ. উদ্দীপকের সূচি থেকে চাহিদা রেখা অঙ্কন করুন।
ঘ. অন্যান্য অবস্থা অপরিবর্তিত থেকে ক্রেতার আয় ও সময়ে পরিবর্তন হলে উক্ত চাহিদা রেখায় কী ধরনের পরিবর্তন ঘটবে তা বিশ্লেষণ করুন।

৫। জলিল একজন সাধারণ কৃষক। উত্তরাধিকার সূত্রে সে দুই বিঘা জমির মালিক হয়েছে। তার জমি বেশ উর্বর। এবছর সে উন্নত চাষ পদ্ধতি ব্যবহার করে প্রচুর ধান পেয়েছে।

ক. শ্রম ঘণ্টা কী?

খ. প্রান্তিক উৎপাদন বলতে কী বোঝায়?

গ. জলিলের জমির খণ্ডকে কেন ভূমি বলা হয়? ব্যাখ্যা করুন।

ঘ. 'ভূমি উৎপাদনের একটি নিষ্ক্রিয় উপকরণ হলেও এর গুরুত্ব অপরিসীম'। উক্তিটি মূল্যায়ন করুন।

৬। স্কয়ার টয়লেট্রিজ লিমিটেড চাকা ওয়াশিং পাউডারের একটি চমৎকার বিজ্ঞাপন তৈরি করে। উক্ত বিজ্ঞাপনে ময়লা জামাকাপড়কে উত্তমরূপে ধোলাই করা হয়। এই বিজ্ঞাপনের মাধ্যমে চাকা ওয়াশিং পাউডারের বিক্রি বৃদ্ধি পেয়েছে।

ক. Monopoly শব্দের অর্থ কী?

খ. দ্রব্যের মূল্য নির্ধারণের উপায় ব্যাখ্যা করুন।

গ. উদ্দীপকে কোন ধরনের বাজারের ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা করুন।

ঘ. উদ্দীপকের শেষ লাইনটির মূল্যায়ন করুন।

৭। মাসুদ সাহেব চারটি শিল্পের মালিক। তার এই শিল্প কারখানার উৎপাদিত পণ্য দেশের রপ্তানি আয়ের বড় একটি উৎস। অনেক নারী শ্রমিক এখানে কাজ করে যার দ্বারা সে নিজে স্বাবলম্বী হবার পাশাপাশি দেশের অর্থনৈতিক উন্নয়নেও ভূমিকা রাখছে। তিনি মনে করেন বাংলাদেশের এই শিল্প বিকাশে বেসরকারি উদ্যোগের পাশাপাশি সরকারি উদ্যোগও জরুরি। এ খাত হতে রপ্তানি আয়ের বৃহৎ আংশ আসে এবং এখানে নারী শ্রমিকের সংখ্যাও বেশি।

ক. দেশের শ্রমশক্তির কত অংশ কৃষিখাতে নিয়োজিত?

খ. জনসংখ্যাকে জনশক্তিতে পরিণত করতে হবে কেন?

গ. জনাব মাসুদ সাহেবের শিল্প কারখানার প্রকৃতি ব্যাখ্যা করুন।

ঘ. উদ্দীপকের শেষ অংশে মাসুদ সাহেবের মতামতের যৌক্তিকতা নিরূপণ করুন।

৮। তৌহিদ ভারতে থাকে। একদিন ক্লাসে তাদের ম্যাডাম বিভিন্ন দেশের অর্থনৈতিক অবস্থা তাদের বুঝিয়ে বলেন এবং নিজেদের দেশ সম্পর্কে বলেন– আমাদের দেশের অর্থনীতি উন্নত নয়, আবার অনুন্নতও নয়। বাংলাদেশ, পাকিস্তান, মালয়েশিয়ায় এরূপ অর্থনীতি বিদ্যমান।

ক. উন্নয়নশীল দেশ কী?

খ. দারিদ্র্যের দুষ্টচক্র বলতে কী বোঝায়?

গ. অর্থনৈতিক দিক থেকে তৌহিদ কোন ধরনের নাগরিক ব্যাখ্যা করুন।

ঘ. উদ্দীপকে আলোচিত বাংলাদেশকে কী ধরনের দেশ বলা সমীচীন? যুক্তিসহকারে বিশ্লেষণ করুন।

৯। প্রাপ্তি ও দীপ্তি ১০ শ্রেণির শিক্ষার্থী। প্রাপ্তির বাবা বিদেশি গাড়ি আমদানিকারক। প্রাপ্তির বাবা এই বছর সর্বোচ্চ করদাতার পুরস্কার পেয়েছেন। দীপ্তির বাবা একটি ব্যাংকের মহাব্যবস্থাপক পদে কর্মরত। দীপ্তির বাবাও প্রতি বছর সরকারকে কর প্রদান করেন।

ক. কোন কাজে নন-জুডিশিয়াল স্ট্যাম্প ব্যবহৃত হয়?

খ. VAT কী? ব্যাখ্যা করুন।

গ. দীপ্তির বাবা সরকারকে কোন ধরনের ট্যাক্স দেন? ব্যাখ্যা করুন।

ঘ. প্রাপ্তির বাবা সরকারকে যে ট্যাক্স দেন তা সরকারের আয়ের প্রধান উৎস- ব্যাখ্যা করুন।